# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
## DHAKA POWER DISTRIBUTION COMPANY LTD.
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Website: www.dpdc.gov.bd

স্মারক নং- ৮৭.৪০৪.৪০১.১৩.০৫.০০২.২০২২.২৯৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে এর নির্ধারিত ভৌগোলিক এলাকায় বিদ্যুৎ সরবরাহ, পরিচালন ও সংরক্ষণ এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। কোম্পানির নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক [প্রতিবার চুক্তি সর্বোচ্চ ০৩ বছরের জন্য (প্রথমবার এক বছর শিক্ষানবীশ কালসহ)] নিয়োগের লক্ষ্যে সৎ, নিবেদিত, উদ্যোগী, প্রতিকূল অবস্থায় চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী এবং কোম্পানি কর্তৃক নির্ধারিত কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। সংস্থা কর্তৃক নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ করা সাপেক্ষে ও সন্তোষজনক কাজের ভিত্তিতে চুক্তিভিত্তিক চাকরির মেয়াদ ০৩ (তিন) বছর অন্তর অন্তর নবায়ন করত: সর্বোচ্চ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত বৃদ্ধি হতে পারে।

১. **পদের নাম** : কাস্টমার সার্ভিস এটেনডেন্ট।

২. **পদ সংখ্যা** : ২২ (বাইশ) টি। তবে সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। এ লক্ষ্যে প্রয়োজনে প্যানেল সংরক্ষণ করা হতে পারে।

৩. **শিক্ষাগত যোগ্যতা**: এইচ.এস.সি অথবা সমমান পাস। গ্রাহকসেবা/ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন এবং কম্পিউটার পরিচালনার যোগ্যতা থাকতে হবে। কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা সমতুল্য গ্রহণযোগ্য নয়।

৪. **দায়িত্ব**: গ্রাহককে সাদরে গ্রহণ ও তার যাচিত তথ্য সরবরাহ করা। গ্রাহকের সমস্যা শোনা এবং উপযুক্ত কর্মকর্তার নাম, টেলিফোন নম্বর ও অফিস কক্ষের ঠিকানা গ্রাহককে জানানো, গ্রাহকের সমস্যা সমাধানের পর তাকে টেলিফোনে অবহিত করা, গ্রাহকের সমস্যা যুক্তিসঙ্গত সময়ে সমাধান না করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে তা অবহিত করা, ডিউটিরত অবস্থায় নির্ধারিত পোষাক পরিধান করা এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৫. **বেতন ও অন্যান্য ভাতাদি**:

| পদবী | বেতন গ্রেড | মূল বেতন (টাকা) | বাড়ি ভাড়া ভাতা | যাতায়াত ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) |
|---|---|---|---|---|---|
| কাস্টমার সার্ভিস এটেনডেন্ট | ডিপিডিসি'র বেতন গ্রেড-১৩ | মাসিক ৳ ২৩,০০০/- | মূল বেতনের ৬০% তবে নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় মূল বেতনের ৫০% | মাসিক ৳ ৩,০০০/- | মূল বেতনের ১০% হারে অথবা ন্যূনতম ৳ ২,০০০/- |

তাছাড়া প্রতি বছর দুইটি উৎসব বোনাস, বাংলা নববর্ষ ভাতা, কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রুপ ইন্সুরেন্স ও ছুটি নগদায়ন সুবিধাসহ কোম্পানির প্রচলিত নিয়মে নির্ধারিত অন্যান্য সুবিধাদি এবং চাকরি সমাপনান্তে গ্র্যাচুইটি ও কোম্পানির বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন। এমপ্লয়ী নিজে তার আয়কর জমা প্রদানে বাধ্য থাকবেন।

৬. **শর্তাবলী:**

৬.১) প্রার্থীর বয়স ১৮-৩০ বছর (২৫.০৩.২০২০খ্রি. তারিখে) এর মধ্যে হতে হবে। কোনক্রমেই জন্মতারিখ/ বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যার জন্য বয়স ১৮-৩২ বছর (২৫.০৩.২০২০খ্রি. তারিখে)। ডিপিডিসি'র নিজস্ব এমপ্লয়ী প্রার্থীদের জন্য আবেদনের বয়সসীমা চাকুরিবিধি অনুযায়ী শিথিলযোগ্য।

৬.২) সততা, সাহসিকতা এবং পারস্পরিক সমন্বয়ে কাজ করায় দক্ষ হতে হবে।

৬.৩) প্রার্থীকে কোম্পানির আওতাধীন যে কোনো এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে এবং বাধ্যতামূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৬.৪) যারা সম্প্রতি পরীক্ষায় অবতীর্ণ হয়েছে কিন্তু ফলাফল প্রকাশিত হয় নি তাদের আবেদন করার প্রয়োজন নেই।

৬.৫) নিয়োগের বিষয়ে যে কোনো ধরণের তদবির, অবৈধ যোগাযোগ প্রচেষ্টার জন্য প্রার্থীর আবেদনপত্র বাতিল হতে পারে। আবেদনের গ্রহণযোগ্যতা বা অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

৬.৬) আগ্রহী প্রার্থীগণ ডিপিডিসির 'ওয়েবসাইট' www.dpdc.gov.bd- এর মাধ্যমে 'অনলাইন' পদ্ধতিতে আবেদন দাখিল করবেন। এক্ষেত্রে নির্দিষ্ট ফর্মে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সাইজের প্রার্থীর ছবি, স্বাক্ষর ও সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থীকে Rocket (DBBL Mobile Banking) অথবা NAGAD মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১,০০০/-টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করে আগামি ২৯.১২.২০২২খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে ডিপিডিসির 'ওয়েবসাইট' www.dpdc.gov.bd-এ প্রদত্ত প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

ডেপুটি জেনারেল ম্যানেজার
এমপ্লয়ী ম্যানেজমেন্ট (আডমিনিসট্রেইশন), হিউম্যান রিসোর্সেস, ডিপিডিসি
বিদ্যুৎ ভবন (৪র্থ তলা), ১, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

Form no.: HR/RSA/03/428

# ডিপিডিসি'র কাস্টমার সার্ভিস এটেনডেন্ট পদে নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র অন-লাইনের মাধ্যমে পূরণের সাধারণ নির্দেশাবলী:

০১. ডিপিডিসি'র নিয়োগ পরীক্ষায় আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ www.dpdc.gov.bd/career ঠিকানায় গিয়ে Online Application Form পূরণপূর্বক আবেদন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

০২. প্রার্থীকে সতর্কতার সাথে তার User Id, Password, Mobile Number, Email-Address দিয়ে Sign Up বা নিবন্ধন করতে হবে। Sign Up এর পর প্রদত্ত Email-Address এ লগ ইন করে ডিপিডিসি হতে প্রেরিত ই-মেইলের লিঙ্কে ক্লিক করে Account Verify করতে হবে। Account Verify করার পর www.dpdc.gov.bd/career ঠিকানায় গিয়ে Login/ Sign In করে আবেদন ফর্ম পূরণ করতে হবে।

০৩. Application Form পূরণ করার সময় প্রার্থীকে অবশ্যই Mandatory (লাল তারকা চিহ্নিত) Field গুলো পূরণ করতে হবে।

০৪. Application Form-এ SSC/ equivalent এবং HSC/ equivalent certificate-এর Soft Copy Upload করতে হবে। 300*300 pixel-এর রঙিন ছবি এবং 300*80 Pixel-এর স্বাক্ষর/ Signature (টাইপ/ মুদ্রণ নয়)-এর Soft Copy Upload করতে হবে। **Certificate অবশ্যই স্পষ্ট হতে হবে।** ছবি, স্বাক্ষর এবং Certificate শুধুমাত্র JPG File ফরমেটে Upload করা যাবে।

০৫. মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা হিসেবে আবেদনের ক্ষেত্রে Application Form পূরণের সময় সংশ্লিষ্ট ঘরে/ বাটনে ক্লিক করে এ সংক্রান্ত তথ্য অবশ্যই পূরণ করতে হবে এবং মুক্তিযোদ্ধার MIS Number এবং যে কোন একটি Certificate (লাল মুক্তিবার্তা/ ভারতীয় তালিকা/ গেজেট/ মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদ/ MIS Certificate)-এর Soft Copy Upload করতে হবে। মুক্তিযোদ্ধার Certificate শুধুমাত্র JPG File ফরমেটে Upload করা যাবে।

০৬. সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Apply-এ ক্লিক করে চূড়ান্তভাবে Submission করতে হবে।

০৭. চূড়ান্তভাবে Submission করার পরে Tracking Number (যা টাকা প্রদানের সময় ব্যবহৃত হবে) সহ প্রার্থী তার Resume Download করে সংরক্ষণ করবেন এবং Resume-এ উল্লিখিত প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রার্থী 'নগদ' (বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস) এর মাধ্যমে আবেদন ফি ৳ ১০০০/- পরিশোধ করতে পারবেন। 'নগদ' এর মাধ্যমে ফি পরিশোধের ক্ষেত্রে 'নগদ' এর এজেন্ট পয়েন্ট অথবা আবেদনকারীর নিজস্ব নগদ একাউন্ট (অ্যাপ অথবা ডায়াল নম্বর *167#) দ্বারা উক্ত ফি পরিশোধ করতে পারবেন। 'নগদ' এর মাধ্যমে ফি পরিশোধের ক্ষেত্রে যে কোন জটিলতার জন্য 'নগদ' এর 16167 অথবা 09609616167 নম্বরে যোগাযোগ করতে হবে। Nagad USSD- এর মাধ্যমে আবেদন ফি পরিশোধের প্রক্রিয়া নিম্নরূপ:

| | |
|---|---|
| Step-1: | Go to your Nagad Mobile Menu by dialing: *167# |
| Step-2: | Choose "5" (Bill Pay) |
| Step-3: | Choose "12" (Other) |
| Step-4: | Choose "1" (Enter Biller A/C Number) |
| Step-5: | Enter Biller A/C Number: 1101 |
| Step-6: | Enter Tracking Number (9 Digit Number)<br>[Can be found from your Applicant's Copy] |
| Step-7: | Make Payment<br>Enter Amount (Tk. 1000) |
| Step-8: | Customer Mobile Number: 01********* (For Agent only) |
| Step-9: | Now Enter PIN (Your Nagad Account PIN) |
| Step-10: | Customer will get SMS about the Transaction Status. |

০৮. প্রার্থী চাইলে 'নগদ' এর পরিবর্তে Dutch Bangla Bank Mobile Banking Account (Rocket)-এর মাধ্যমে আবেদন ফি ৳ ১০০০/- পরিশোধ করতে পারবেন। Rocket এর মাধ্যমে আবেদন ফি পরিশোধের প্রক্রিয়া নিম্নরূপ:

| | |
|---|---|
| Step-1: | Go to your Rocket Mobile Menu by dialing *322# |
| Step-2: | Choose "1" (Bill Pay) |
| Step-3: | Choose<br>**"1" for Self**- Payment from own Rocket Account<br>**"2" for Other**- Payment from other(Agent/ Someone else) Rocket Account<br>& enter your Mobile Number for confirmation SMS |
| Step-4: | Choose 0. Other |
| Step-5: | Enter Biller ID number 1003 |
| Step-6: | Enter Tracking Number (9 Digit Number)<br>[Can be found from your Applicant's Copy] |
| Step-7: | Enter bill amount TK.1000 |
| Step-8: | Now enter your Rocket Mobile Menu PIN to confirm |
| Step-9: | Done! You will receive a confirmation message from 16216. |

০৯. অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য ডিপিডিসি'র ওয়েব সাইট নিয়মিত Visit করতে হবে। তাছাড়া অফিস চলাকালীন সময়ে ডিজিএম, এমপ্লয়ি ম্যানেজমেন্ট (আডমিনিস্ট্রেইশন) দপ্তরের +৮৮-০২২২৩৩৮৮১৪৫ এবং ০১৫৫৮০৫৬১৩৬ নম্বরে যোগাযোগ করে নিয়োগ সংক্রান্ত তথ্য জানা যাবে। তাছাড়া আবেদনের ক্ষেত্রে যদি কারও কোন কারিগরী সমস্যা হয়, তা সমাধানের জন্য ০১৫৫৮০৫৬১৩৭ নম্বরে যোগাযোগ করা যাবে।

১০. লিখিত পরীক্ষার পূর্বে প্রার্থীদের প্রবেশপত্র ওয়েবসাইটে আপলোড করা হবে। প্রার্থীগণ User Id এবং Password ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড/ প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার সময়সূচী SMS/ Website-এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে।